


টেলিস্কোপ

‘রামদেব’
ক্রান্তি

‘আইএএস’ পরীক্ষায় বসার জন্য প্রস্তুতি নিচ্ছিলেন, তার মাঝেই প্রস্তাব এল ‘রামদেব’ হওয়ার! বিহারের ক্রান্তিপ্রকাশ ঝা-এর জীবনে ঠিক এ রকমই ঘটেছে।

অডিশন দিয়েছিলেন কিন্তু মনোমতো হয়নি নির্মাতাদের। আমি অন্য কাজে ব্যস্ত হয়ে পড়ি।



তারপর হঠাৎই একদিন ফোন পেলাম আমার সঙ্গে আবার দেখা করতে চাইছে এই ধারাবাহিকের টিম। দেখা করার পর ধারাবাহিকভাবে চলল একাধিক অডিশন আর লুক টেস্ট। শেষপর্যন্ত আমি নির্বাচিত হলাম। জানালেন ক্রান্তিপ্রকাশ ঝা। আর পাঁচটা টেলি ধারাবাহিকের থেকে যে রামদেবের বায়োপিকটি আলাদা, তা মনেপ্রাণে বিশ্বাস করেন ক্রান্তিপ্রকাশ। অভিনেতার মতে, ‘আমি সত্যিই আশীর্বাদ-ধন্য যে এরকম একটি শো-এ অংশগ্রহণ করতে পারছি, যেখানে আমাদের সংস্কৃতির বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা হচ্ছে।’ টিভির পর্দায় ‘রামদেব’ হওয়ার আগেই রামদেবের জীবন সম্পর্কে কিছুটা জানা ছিল ক্রান্তিপ্রকাশের। পরবর্তী সময়ে টিভি সিরিয়ালে বিশ্বাসযোগ্য ‘রামদেব’ হয়ে উঠতে ক্রান্তি তিনদিন সময় কাটিয়েছিলেন বাস্তব যোগগুরুর সঙ্গে। আর সেই অভিজ্ঞতা ক্রান্তিপ্রকাশের জীবনে

চিরস্মরণীয় হয়ে আছে। শুধু রামদেবের জীবন সম্পর্কে জানাই নয়, খ্যাতিমান যোগগুরু হৃদয় জয় করে নিয়েছেন তরুণ অভিনেতার। লাগাতার শুটিং-এ ব্যস্ত ক্রান্তিপ্রকাশ অবশ্য এখনও দেখা পাননি ধারাবাহিকের সুপারস্টার অভিনেতা প্রযোজক অজয় দেবগনের।

‘শীঘ্রই হয়তো আমাদের দেখা হবে। অজয়ের সঙ্গে দেখা হওয়া নিয়েও আমি খুব উত্তেজিত।’ জানালেন ক্রান্তিপ্রকাশ। অতীতে অবশ্য তাঁরও ধারণা ছিল বলিউডের নামি শিল্পীরা টিভি-র ব্যাপারে আগ্রহী নন। কিন্তু এখন দিন বদলেছে। টিভির প্রতি প্রযোজক অজয়ের আগ্রহ অবাক করেছে তরুণ শিল্পীকে। আগামীকাল ১২ ফেব্রুয়ারি ডিসকভারি জিৎ চ্যানেলে শুরু হচ্ছে ‘স্বামী রামদেব-এক সংঘর্ষ’ ধারাবাহিকের সম্প্রচার। দেখা যাবে প্রতি সোম থেকে শুক্রবার রাত ৮.৩০-এ।

ডোডো রায়

আর না

‘ফ্যান’ বা অনুরাগীর ছোঁয়া পেতে কার না ভাল লাগে? টিভি অভিনেতা কুশল ট্যান্ডন ২০১১-তে ছোটপর্দার অভিনেতা হিসেবে যাত্রা শুরু করেন। বিভিন্ন সময়, বিশেষত মহিলা ফ্যানদের অত্যাচার সহ্য করতে হয়েছে সুপুরুষ কুশলকেও। সম্প্রতি কুশলের এক অন্ধ ভক্ত ছুরি দিয়ে কেটে নিজের হাতে কুশলের নাম লিখেছেন। এটা একেবারেই পছন্দ হয়নি শিল্পীর। সেই ভক্তের ছবি নিজের ইনস্টাগ্রামে পোস্ট করে এরকম যাতে কোনও অনুরাগী আর না করেন তা স্পষ্টভাবে জানিয়েছেন কুশল।



তবে আইএএস না হতে পারলেও আক্ষেপ নেই তরুণ শিল্পীর। কারণ তিনি অভিনেতা হিসেবে ‘বাবা রামদেব’ চরিত্রে আত্মপ্রকাশ করছেন টিভির পর্দায়। জনপ্রিয় যোগগুরু বাবা রামদেব-এর জীবন নিয়ে বায়োপিক তৈরি হচ্ছে ছোটপর্দায়। এই খবর টেলিস্কোপের পাতায় প্রকাশ পেয়েছিল অনেক আগেই। তখনও জানা যায়নি কে অভিনয় করবেন রামদেব চরিত্রে। ‘স্বামী রামদেব : এক সংঘর্ষ’ ধারাবাহিকে কেন্দ্রীয় চরিত্রে শেষপর্যন্ত বেছে নেওয়া হয় ক্রান্তিপ্রকাশ ঝা-কে। কিন্তু কীভাবে শিকে ছিঁড়ল? ‘আমার তো মনে হয় এটা আমার নিয়তি। অনেক আগে

অন্যভাবে



ছোট থেকেই ইচ্ছে ছিল সেনাবাহিনীতে যোগ দেওয়ার। কিন্তু সেই স্বপ্নপূরণ হয়নি। সম্প্রতি অভিনেতা হিসেবেই শৈশবের স্বপ্নকে কিঞ্চিৎ ছুঁতে পারলেন টেলি অভিনেতা রাভীশ দেশাই। কীভাবে? ‘কুঁয়ারা হায়’ পর হামারা হায়’ ধারাবাহিকের একটি বিশেষ মুহুর্তে রাভীশ সুযোগ পেলেন সেনাবাহিনীর ইউনিফর্ম পরার। ধারাবাহিকের গল্পে রাভীশ অভিনীত চরিত্রের স্মৃতি বিলোপ ঘটে হয়ে যান আর্মি অফিসার।

নিজের শো



অনেক বছর কেটে গিয়েছে কমেডি শো-এর অভিনেতা হিসেবে। পছন্দের শিল্পীর কাছে দর্শক-বন্ধুরা প্রায়ই জানতে চাইতেন কবে আপনার নিজস্ব একটি শো আসবে? ছোটপর্দার কমেডি তারকা রাজীব নিগম এবার দর্শকদের প্রত্যাশা পূরণ করতে চলেছেন। ‘হর শাখ পে উল্লু ব্যায়ঠা হায়’ তে কেন্দ্রীয় চরিত্রেই টিভির পর্দায় দেখা যাবে রাজীবকে। তবে নন ফিকশনের বদলে ফিকশন শো-এর লিড হতেই চেয়েছিলেন রাজীব। অবশেষে সেটাই হতে চলেছে।

জলপরি



হিন্দি টেলিভিশনে নতুন শো, ‘নাগিন’-এর পর এবার ‘জলপরি’। প্রায় একই পদ্ধতিতে পৌরাণিক গল্পের আধারকে তুলে ধরার প্রচেষ্টা নতুন রূপে। নাগিনের মতোই ‘জলপরি’ নিয়েও সাধারণ মানুষের কৌতুহল অপরিসীম। বারো বছর বয়সি এক মারমেইড বা মৎস্যকন্যাকে যিরেই বোনা হচ্ছে নতুন ধারাবাহিকের চিত্রনাট্য। শীঘ্রই শুটিং শুরু হওয়ার কথা নতুন এই ধারাবাহিকের।